

# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট  
আইইবি ভবন(১৪ তলা), রমনা, ঢাকা-১০০০

## অবৈধ আইএসপি স্থাপনায় পরিচালিত অভিযান/পরিদর্শন/তদন্ত সংক্রান্ত তথ্যঃ

গত ২১-১০-২০১৯ তারিখ বেলা ১৭.০০ ঘটিকায় বিটিআরসি'র এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেটের পরিদর্শক এবং আশুলিয়া থানার পুলিশ সদস্যদের সমন্বয়ে গঠিত যৌথ দল সাভারের আশুলিয়াস্থ ঢাকা ইপিজেড এলাকার উত্তর গাজিরচটে অবৈধ ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে সফলভাবে অভিযান পরিচালনা করেন।

## অভিযানে জব্দকৃত যন্ত্রপাতির বিবরণঃ

ক্রম	যন্ত্রপাতির নাম	পরিমাণ
০১	মাইক্রোটিক ক্লাউড কোর রাউটার	০১
০২	সিসকো ম্যানেজড সুইচ	০১
০৩	বিডিকম সুইচ	০৩
০৪	ডি-লিংক ওয়াইফাই রাউটার	০১
০৫	স্যামসাং কালার ডিসপ্লে ইউনিট (মনিটর)	০১
০৬	সিস্টেম ইউনিট (সিপিইউ)	০১

অবৈধ ইন্টারনেট সেবা প্রদানে জড়িত থাকায় উক্ত অভিযানে তিনজনকে গ্রেফতার করা হয়েছে এবং টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ধারা ৩৫(২), ৫৫(৭) এবং ৭৪ এর অধীনে আশুলিয়া থানায় মামলা রুজু করতঃ থানায় সোপর্দ করা হয়েছে (মামলা নং-৪৬)। জব্দকৃত মালামাল বর্তমানে বাংলাদেশ পুলিশের হেফাজতে আছে।

## অভিযানের কিছু স্থির চিত্রঃ



অবৈধ আইএসপি সেবাদানকারীর অফিস



অফিসে স্থাপনকৃত অবৈধ যন্ত্রপাতি